অনুমতি ছাড়া হাসপাতালে সাংবাদিকের অবাধ প্রবেশ নিষেধ

নিজস্ব সংবাদদাতা, হাবড়া: আধিকারিকের অনুমতি ছাড়া হাসপাতালে সাংবাদিকের অবাধ প্রবেশ নিষেধ। হাবড়া হাসপাতালের দেওয়ালে এধরনের পোস্টার ঘিরে বিতর্ক দানা বেঁধেছে। উঠছে নানা প্রশ্ন। সম্প্রতি উত্তর ২৪ পরগনা জেলায় ডেঙ্গু এবং অজানা জ্বরের প্রকোপ দেখা দিয়েছে। আতঙ্কিত সাধারণ মানুষ। একমাস ধরে হাবড়া বিস্তীর্ণ এলাকায় অজানা জ্বরে আক্রান্ত হয়ে অনেকে হাবড়া হাসপাতালে চিকিৎসাধীন। সেই সংক্রান্ত খবর সংগ্রহ করতে প্রায়ই হাসপাতালে ঢুকতে হচ্ছে সাংবাদিকদের। পাশাপাশি সুপারের বক্তব্য নেওয়ার জন্যও তাঁর সঙ্গে দেখা করার প্রয়োজন পড়ছে। উদ্দেশ্য সকলের কাছে খবর পৌঁছে দেওয়া। মানুষকে সচেতন করা। সাম্প্রতিকালে ডেঙ্গু-অজানা জ্বরের বিষয়ে মানুষকে সচেতন করা। কিন্তু, হাসপাতালের দেওয়ালে ওই পোস্টারের জেরে এরপর থেকে সেই কাজ করা আর সম্ভব হবে কি না তা নিয়ে প্রশ্ন উঠছে। কখনও চিকিৎসার গাফিলতিতে রোগীমৃত্যুর অভিযোগ উঠছে। আবার কখনও হাসপাতালের সুপার নিজের ছুটি বাতিল করে ২৪ ঘণ্টা রোগীর চিকিৎসা দিতে নিজেই হাসপাতালের অন্য কর্মীদের মতো এগিয়ে আসছেন। সব ধরনের খবরই প্রকাশিত হয় সংবাদমাধ্যমে। কারণ, এটাই সংবাদমাধ্যমের কাজ। খবর তুলে ধরা। জেলাজুড়ে অজানা জ্বরের প্রকোপ যখন থেকে বাড়ছে, সেই সময় থেকেই বিভিন্ন সময়ে স্বাস্থ্য আধিকারিক থেকে শুরু করে মন্ত্রী, জনপ্রতিনিধিদের বলতে শোনা গেছে, সাধারণ মানুষকে সচেতন হতে হবে। তবেই এই ধরনের রোগের সঙ্গে মোকাবিলা করা সহজ হবে। সেই সচেতনতা মানুষের মধ্যে দেখাও গেছে। হাবড়া হাসপাতালে ভর্তি থাকা আক্রান্তদের মশারি খাটিয়ে বাইরে শুয়ে থাকতে দেখা গেছে। ডেঙ্গুতে মৃত্যুর খবর তুলে ধরা হচ্ছে সংবাদমাধ্যমে। তা আটকাতেই হাসপাতালের তরফে এমন বিজ্ঞপ্তি কি না, তা না নিয়ে প্রশ্ন উঠছে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

1		3	9			2	7	
	7							
5	8		4			1		
			1					7
9	1		7		3		4	2
2					9			
		1			7		6	4
							1	
	6	4			1	9		3

গতকালের সমাধান

6	2	4	7	3	5	8	1	9
9	3	7	6	1	8	4	2	5
8	5	1	2	4	9	7	6	3
4	7	8	5	6	3	2	9	1
3	1	6	9	2	4	5	8	7
2	9	5	8	7	1	6	3	4
5	4	9	1	8	6	3	7	2
7	8	3	4	9	2	1	5	6
1	6	2	3	5	7	9	4	8

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৯ ডিগ্রি ও ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৮ ডিগ্রি ও ২১ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৬ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।৪১, **সূর্যাস্ত:** ঘ ৪।৫৯ **জোয়ার:** সকাল ১১:৩০। **ভাঁটা:**সকাল : ৬:৪৭।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	64.7745
INR / 1 Euro	75.4234
INR / 100 Jap. YEN	57.2700
INR / 1 Pound Sterling	85.5995

শেয়ারসূচক

BSE	33,213.13 ▲	(-53.03)
NIFTY	9,859.50 ▲	(-28.35)

শব্দলিপি- ১০৩৪

১	২		৩	■	৪		৫
■		■		■		■	
৬				■		■	
	■	■	৭	৮			
৯		১০			■	■	
	■		■	১১		১২	
	■		■		■		■
১৩			■	১৪			

শ্যামাপ্রসাদ দাশ

পাশাপাশি : ১। ন্যূনতম মূল্যের ৪। চাল ধোয়ার পাত্র ৬। সংগীতের প্রাতঃকালীন রাগিনী ৭। হিন্দু ও মুসলমান জনগণ ৯। শ্রদ্ধার পাত্র ১১। নষ্ট ১৩। এক ধরনের রুটি ১৪। বিক্রমাদিত্যের সভাস্থ পণ্ডিতগণ

উপরনীচ : ২। প্রলেপক বস্তু ৩। ভারতীয় মহিলা ক্রিকেটের অধিনায়িকা ৪। গৃহবধূ ৫। লবণ উৎপাদক জমি ৬। গাধাকেও লজ্জা দেয় ৮। মনরূপ বায়ু ১০। জাঁক ১২। দুর্বল

সমাধান : শব্দলিপি - ১০৩৩

পাশাপাশি : ১। মৎসরী ৩। ব্যসন ৬। ধর্মপেত ৮। দন্তবলন্ত ১০। মনপবন ১২। লিকলিক ১৪। আড়ত ১৫। কলমচি

উপরনীচ : ১। মহম্মদ আলি ২। সংত্রব ৪। সমীপে ৫। অধস্তন ৭। তপনমরীচি ৯। দমকল ১১। পঙ্গপাল ১৩। কশাড়

সর্দার প্যাটেলের জন্মদিবস উপলক্ষে রাষ্ট্রীয় একতা দিবস পালন

স্টাফ রিপোর্টার: সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিন উপলক্ষে সারা দেশের পাশাপাশি মঙ্গলবার রাষ্ট্রীয় একতা দিবস পালিত হয় কলকাতাস্থিত প্রেস ইনফরমেশন ব্যুরোর দফতরে। এই বিশেষ দিনটিতে দফতরের সকল কর্মী-আধিকারিককে রাষ্ট্রীয় একতা দিবসের শপথ বাক্য পাঠ করান দফতরের অতিরিক্ত মহানির্দেশক শ্রী দেবাঞ্জন চক্রবর্তী। দফতর চত্বরে অবস্থিত কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ অন্যান্য বিভাগগুলি যেমন সিবিএফসি ও প্রকাশনা বিভাগ, কেন্দ্রীয় মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রকাধীন খাদ্য ও পুষ্টি বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ অন্যান্য দফতরের কর্মী ও আধিকারিকরাও এদিনের শপথ বাক্যপাঠে যোগ দেন।

পাশাপাশি এদিন রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে সর্দার প্যাটেলের প্রতিচ্ছবিতে মাল্যদান করে তাঁকে সম্মান জানান পিআইবির অতিরিক্ত মহা নির্দেশক শ্রী দেবাঞ্জন চক্রবর্তী।

সভা /অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির) আজ বুধবার আলোচনায়: স্বামী সুবোধনন্দ মহারাজের জীবনী ও বাণী। পাঠক: স্বামী বিভাআনন্দ। মহারাজ, সময় : ৬টা। ভজন গায়ক বলরাম ঘোষ ৪-৩০।

ভাগ্যলিপি

মেষ

নতুন বই আজ ক্রয় করতে পারেন। এজন্য অর্থ ব্যয় হবে। শিক্ষার্থীদের কাছে দিনটি আজকের দিনটি শুভ।

বৃষ

প্রেমিক-প্রেমিকাদের কাছে আজকের দিনটি অত্যন্ত শুভ।

মিথুন

কর্মক্ষেত্রে দায়িত্ব বৃদ্ধি পাবে। কাজের চাপ বাড়বে।

কর্কট

সম্পর্কের উন্নয়ন ঘটানোর জন্য চেষ্টা চালিয়ে যান। ভবিষ্যতে এর ফল পাবেন। মানসিক শান্তি আসবে।

সিংহ

কর্মস্থলে বিভ্রান্তির সামনে পড়তে হতে পারে আপনাকে। কোন কাজটা আপনার তা বুঝে উঠতে পারবেন না।

কন্যা

ব্যবসায়ে আজ ভাল সংবাদ পাবেন। অতীতের ভুলের পুনরাবৃত্ত আর করবেন না। ভবিষ্যতের পরিকল্পনা করুন।

তুলা

অতীতের অভিজ্ঞতা আজ কাজে লাগানোর চেষ্টা করুন। তাতে সাফল্য আসবে।

বৃশ্চিক

আজ খানিকটা হলেও দুঃখ পাবেন। কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে হতে পারে।

ধনু

আপনার কেরিয়ার আজ অগ্রগতির পথে হাঁটবে। বেসরকারী কর্মীদের ক্ষেত্রে দিনটি শুভ।

মকর

অন্যনের সঙ্গে তুলনা করে এগিয়ে চালার চেষ্টা করুন নিজের মনে করে তাহলে সাফল্য পাবেন।

কুম্ভ

নতুন কর্মীদের আরও শ্রীবৃদ্ধি হবে। নতুন অভার পেতে পারেন। ফলে কর্মস্থলে চাহিদা বাড়বে।

মীন

ব্যক্তগত জীবনে আজ কিছু পরিবর্তন আসতে পারে।

সেপটিক ট্যাঙ্কে বৃদ্ধাকে ফেলে দিল দুষ্কৃতীরা

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : এক বৃদ্ধাকে খুন করে তাঁর বউমাকে হাত-পা বেঁধে বাড়ির সেপটিক ট্যাঙ্কে ফেলে দিল দুষ্কৃতীরা। ওই বৃদ্ধার ২২দিনের নাতনিকে ঘটনার পর থেকে খুঁজে পাওয়া যাচ্ছে না। তাকে অপরহণ করা হয়েছে বলে অভিযোগ। মৃতের নাম সয়েরা বেগম। তাঁর বউমা মুর্শিদা বেগমকে পরে সেপটিক ট্যাঙ্ক থেকে উদ্ধার করা হয়। ঘটনাটি বারুইপুরের উত্তরভাগ চক্রবর্তী আবাদ এলাকার।

খবর পেয়ে সোমবার রাতে এলাকায় পুলিশ গেলে তাদের ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয়রা। মৃতদেহ উদ্ধার করে পুলিশ।

২২ অক্টোবর সোনা সর্দার নামে স্থানীয় এক যুবকের অস্বাভাবিক মৃত্যু হয়। সয়েরা বেগমদের পুকুর থেকে উদ্ধার হয়েছিল পেশায় মুরগির দোকানের কর্মীকে ওই যুবকের। তাঁর শরীরে একাধিক আঘাতের চিহ্ন ছিল। ঘটনায় সোনার পরিবারের লোকেরা সয়েরা বেগমের পরিবারের দিকে অভিযোগের আঙুল তোলেন। অভিযোগ, এই সোনা সর্দারের মৃত্যুর পিছনে সয়েরা বেগমের পরিবারে হাত রয়েছে। সেই ধারনা থেকেই তাঁদের পরিবারের উপর হামলা চালানো হয়েছে।

সোমবার রাত ৯টা নাগাদ সয়েরা, মুর্শিদা ও তাঁর শিশুকন্যাকে পরিবারেরর লোকজন দীর্ঘক্ষণ দেখতে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করেন। অবশেষে বাড়ির পাশে একটি জলা জমি থেকে হাত-পা বাঁধা অবস্থায় উদ্ধার করা হয় সয়েরার দেহ। তাঁর মাথায় একাধিক আঘাতের চিহ্ন ছিল।

অন্যদিকে, বাড়ির সেপটিক ট্যাঙ্ক থেকে হাত-পা বাঁধা অবস্থায় উদ্ধার করা হয় মুর্শিদাকে। কিন্তু, রাতভর তল্লাশি চালিয়েও মুর্শিদার ২২ দিনের শিশুর কোনও হদিশ মেলেনি।

ঘটনা ঘিরে এলাকায় উত্তেজনা রয়েছে। তদন্ত শুরু করেছে বারুইপুর থানার পুলিশ।

তৃণমূল অনুগামীদের বিরুদ্ধে হোর্ডিং ভাঙার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ১৫ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলার অনুপ চক্রবর্তীর অনুগামীদের বিরুদ্ধে জনসাধারণের বিক্ষোভের হোর্ডিং ভাঙা ও পোড়ানোর অভিযোগ উঠল। হাওড়া পুরসভার ১৬ নম্বর ওয়ার্ডের মঙ্গলবার এই ঘটনা ঘটে। জানা গিয়েছে, হাওড়া পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের সনাতন মিস্ত্রি লেন, ফকির বাগান লেন, ভৈরব দুর্গা লেনের বাসিন্দাদের অভিযোগ, এইসব এলাকার বাসিন্দারা সঠিক পুর পরিষেবা থেকে বঞ্চিত।

নর্দমার জল উপচে পড়ছে রাস্তায়। জঙ্গালও পরিষ্কার হয় নি। তাই সেখানকার বাসিন্দারা ১৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলারের কাছে যায়। অভিযোগ, ওই সব এলাকা থেকে তৃণমূল ভোট পায় না। ওখানে সুবিধা দেওয়া সম্ভব নয়। তারপর বাসিন্দারা হোর্ডিং নিয়ে বিক্ষোভ দেখায় ও গণ স্বাক্ষর সংগ্রহ করে। এখন অভিযোগ, কাউন্সিলারের অনুগামীরা সেই হোর্ডিং ভেঙে দেয় ও গণ স্বাক্ষর পেপার ও জ্বালিয়ে দেয়।

যদিও ওই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে স্থানীয় তৃণমূল নেত্রীবৃন্দ।

ডেঙ্গু প্রতিরোধে হাওড়া পুরসভার অভিযান

হাওড়া জেলা স্বাস্থ্য ও পারবা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মঙ্গলবার দুপুরে হাওড়া পুরসভার স্বাস্থ্য বিভাগের মেয়র পরিষদ সদস্য ভাস্কর ভাট্টাচার্যের নেতৃত্বে একটি প্রতিনিধিদল ডেঙ্গি প্রতিরোধে হাওড়ার সংশোধনাগারে ও হাওড়া হাসপাতালে যায়।দু’জায়গা থেকেই তাঁরা ডেঙ্গুর লার্ভা পায়। হাওড়া সংশোধনাগারের দক্ষিণ-পশ্চিম দিকে চায়ের ভাঁড়ের মধ্যে ও শিব মন্দিরের ডালার জলে ডেঙ্গুর লার্ভা পায়।

অপরদিকে হাওড়া হাসপাতালেও টায়ারের মধ্যেও হাওড়া পুরসভার বিশেষ দল মশা ও লার্ভাগুলিকে নষ্ট করে। ভাস্করবাবু জানান, আগের থেকে এখন অনেক হাওড়া সংশোধনাগার ও হাওড়া হাসপাতাল পরিষ্কার। তার ওপর এই অভিযানের ফলে ডেঙ্গু রোগের সম্ভাবনা অনেকটাই কমবে।

দক্ষিণ পূর্বরেলের সদর দফতর গার্ডেনরিচে মঙ্গলবার রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হয়

RUN FOR UNITY 2017
রাষ্ট্রীয় একতা দিবস
৩১ অক্টোবর
National Unity Day
31st October
রেলওয়ে সুরক্ষা বল, দক্ষিণ পূর্ব রেলওয়ে
RAILWAY PROTECTION FORCE, SOUTH EASTERN RAILWAY

এদিন স্বাধীনভারতের প্রধান স্বরাষ্ট্র মন্ত্রী সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিন পালন করা হয়। গার্ডেনরিচে দক্ষিণ-পূর্ব রেলের সদর দফতরের কর্মী ও অফিসারদের রাষ্ট্রীয় একতা দিবসের শপথ বাক্য পাঠ করান দক্ষিণ-পূর্ব রেলের এডিশনাল জেনারেল ম্যানেজার অনির্বাণ দত্ত। দেশের ঐক্য, সংহতি ও নিরাপত্তা বজায় রাখার শপথ নেন তাঁরা। এছাড়াও দক্ষিণ-পূর্ব রেলের অফিসাররা এককভাবে দক্ষিণ-পূর্ব রেলের নিরাপত্তা সুনিশ্চিত করার আশ্বাস দেন। আয়োজন করা হয়, ‘রান ফর ইউনিটি’। এতে অংশ নেন সব বিভাগের প্রধান, একাধিক অফিসার সহ দক্ষিণ-পূর্ব রেলের একাধিক কর্মী। আরপিএফ-এর কর্মী এবং দক্ষিণ-পূর্ব রেলের ‘স্কাউটস এণ্ড গাইডস’ দেশের সংহতি ও ঐক্যের বার্তা দিয়ে বর্ণময় শোভাযাত্রা করে। দক্ষিণ-পূর্ব রেলের বিভিন্ন শাখা অফিসেও রাষ্ট্রীয় ঐক্য দিবস পালন করা হয়।

মৃত্যু দুই বাইক আরোহীর

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : বাড়ি ফেরার পথে মৃত্যু হল দুই বাইক আরোহীর। ঘটনাটি ঘটেছে পাথরপ্রতিমার গুরুদাসপুর এলাকায় পাথরপ্রতিমার বিধায়ক সমীর জানা জানান, প্রশান্ত শীট এবং জয়দেব মান্না পীতাম্বরপুর এলাকায় জগদ্ধাত্রী পুজো কমিটির পরিচালক ছিলেন। প্রশান্ত এবং জয়দেব দু’জনে মোটরবাইকে বাড়ির উদ্দেশে রওনা দেন। কিছুদুর যাওয়ার পর রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা মোটর ভ্যানে বাইক ধাক্কা মারে। কারও মাথায় হেলমেট ছিল না। জোর ধাক্কা লাগায় দুজনের ছিটকে পড়ে। একজন সঙ্গে সঙ্গে মারা যায়। আর একজনকে স্থানীয়রা হাসপাতালে নিয়ে যাওয়ার পথে মারা যায়।

গাড়ির মুখোমুখি সংঘর্ষে মৃত ১

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : বনগাঁয় মিনিট্রাক ও সুমোর মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল এক ব্যক্তির। মৃতের নাম রঞ্জিত মণ্ডল (৪০)। মৃতের বাড়ি বনগাঁয় সুটিয়া এলাকায়। আহত হয়েছেন, আরও ছয়জন। আজ সকালে দুর্ঘটনাটি ঘটে উত্তর ২৪ পরগনার বনগাঁ থানার সিকদার পল্লি এলাকায়। এর জেরে যানজট হয় যশোর রোডে উপর। পুলিশ ঘটনাস্থালে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। শুক্রবার চিকিৎসার জন্য সন্তান ও স্ত্রীকে নিয়ে বাংলাদেশ থেকে কলকাতায় এসেছিলেন শ্যামল বিশ্বাস। চিকিৎসা করিয়ে আজ সকালে কলকাতা থেকে বাড়ি ফিরছিলেন। ঠিক সে সময় বনগাঁর দিক থেকে কলকাতা আসছিল মাছ বোঝাই একটি মিনি ট্রাক। দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়।

জলে পানা, ছড়াচ্ছে রোগ জীবাণু

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া উদয়নারায়ণপুর ও আমতার বেশ কয়েকটি জায়গা বন্যা কবলিত। এবছর পর পর দুবার এই এলাকাগুলি প্লাবিত। তবে এখানকার বন্যার জল এখন নেমে গিয়েছে, কিন্তু এখন ওখানকার বাসিন্দারা অন্য এক অজানা আতঙ্কে ভুগছেন। হাওড়ার বন্যাক বলিত উদয়নারায়ণপুর ও আমতা এলাকার ১৯টি গ্রাম পঞ্চায়েত এলাকার নিকাশি খাল, বিল, পুকুর ও ডোবায় নানা ধরনের পানা ও আগাছা আবর্জনায় ভর্তি। তার ফলে মশা, সাপ সহ বিভিন্ন প্রাণীর উপদ্রবে এলাকাবাসী জেরবার। এলাকাবাসীদের মধ্যে অনেকেরই চর্ম ও অজানা জ্বর প্রভৃতি রোগ হচ্ছে। বিভিন্ন পোকার উপদ্রবও বেড়েছে। রাজের সেচ বিভাগ ও প্রশাসনের হস্তক্ষেপ চাইছেন গ্রামবাসীরা। উপরন্তু জেলায় যেভাবে ডেঙ্গুর প্রকোপ বেড়েছে তাকে এখানকার বাসিন্দারা আতঙ্কে দিন কাটাচ্ছেন।

হাওড়ায় বিজেপির মিছিল ও পথসভা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মদিন উপলক্ষে রাজ্যের বিভিন্ন জেলায় নানা কর্মসূচি পালন করা হচ্ছে। অন্যান্য জেলার মতো হাওড়াতেও জেলা বিজেপি নেতৃত্ব এই কর্মসূচি পালন করল। হাওড়া গ্রামীণ এলাকার বিভিন্ন স্থানে দলীয় কর্মীদের নিয়ে মিছিল ও পথসভার আয়োজন করে বিজেপি। হাওড়া জেলার বিজেপির সভাপতি (গ্রামীণ) অনুপম মল্লিকের নেতৃত্বে এই মিছিল সংঘটিত হয়। রানিহাটি, জুজুরসাহ ও একবালপুর থেকে মিছিল বের হয়।

সচেতনতা শিবির

‘স্বচ্ছতা পক্ষদা’ উদযাপন
(Swachhata Pakwada)
মশা বাহিত রোগ
ডেঙ্গি (Dengue)

রুদ্রনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে মঙ্গলবার সকাল ১১ টায় ডেঙ্গু নিয়ে এক সচেতনতা শিবিরের আয়োজন করা হল। চৌরঙ্গি থেকে রুদ্রনগর পর্যন্ত বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা স্থানীয় উৎসাহ মানুষজনকে নিয়ে একটি পদযাত্রারও আয়োজন করা হয়।

HADA TEXTILE INDUSTRIES LTD.
CIN : L17299WB1964PLC026020
4 Government Place,(North),
Kolkata-700001
Web Site : www.hadatextile.com
Email Id: hadatext@gmail.com
Ph: 2248 - 4273/6741, Fax: 033-2248-9423

NOTICE

NOTICE is hereby given that pursuant to Regulations 29(1)(a) and 47(1)(a) of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 a Meeting of the Board of Directors of the Company will be held at the Registered Office of the Company on Friday, the 10th November, 2017 at 4:00 P.M. to consider and approve the Unaudited Financial Results of the Company for the 2nd Quarter ended on 30th September, 2017.

By Order of the Board
For Hada Textile Industries Ltd.
A.K.Hada
Managing Director
DIN - 00668867
Place : Kolkata
Date : 31.10.2017

BALLABH COMMERCIAL LIMITED
(CIN-L67120WB1982PLC034571)
Regd. Office: 138, Canning Street, Kolkata-700001,Ph.-033 2243-2071
Email:ballabhcommercial@gmail.com

NOTICE

Notice is hereby given that pursuant to Regulation 29 read with Regulation 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015, a meeting of the Board of Directors of the Company is scheduled to be held on Saturday, 11th November,2017, interalia to consider and approve the Un-audited Financial Results for the Quarter ended 30th September,2017.

The intimation is also available at the website of the Company at www.ballabhcommercial.in and on the website of the stock exchange where the equity shares of the Company are listed at www.cseindia.com

For Ballabh Commercial Ltd.
Gaurav Maheshwari
Managing Director
DIN : 02672110
Place:Kolkata
Date : 31.10.2017

AFFIDAVIT

I, IPSITA MAITY (New Name), previously called **IPSITA MUKHERJEE (OLD NAME),** daughter of Prithwish Chandra Maity, Doing-others, residing at residing at J-557/A/1, Akshaykanan Lane, P.O. & P.S. Garden Reach, Kolkata-700024, W.B. hereby solemnly declare that I will be known/pronounced as **“IPSITA MAITY” (NEW NAME),** with immediate effect in all the Government/Private documents vide affidavit sworn in before CMM’S Court, Bankshall Court, Kolkata on 30.10.2017.

AFFIDAVIT

I, **Ipsita Maity,** daughter of Prithwish Chandra Maity, on behalf of my minor daughter, present name is **“ANUSKA MAITY” (NEW NAME),** residing at J-557/A/1, Akshaykanan Lane, P.O. & P.S. Garden Reach, Kolkata-700024, W.B. solemnly declare that my minor daughter previously called as Anuska Mukherjee (OLD NAME) will be known/pronounced as **“ANUSKA MAITY” (NEW NAME),** with immediate effect in all the Government /Private documents vide affidavit sworn in before CMM’S Court, Bankshall Court, Kolkata on 30.10.2017.

AFFIDAVIT

I, IPSITA MAITY (New Name), previously called **IPSITA MUKHERJEE MAITY (OLD NAME),** daughter of Prithwish Chandra Maity, Doing-others, residing at residing at J-557/A/1, Akshaykanan Lane, P.O. & P.S. Garden Reach, Kolkata-700024, W.B. hereby solemnly declare that I will be known/pronounced as **“IPSITA MAITY” (NEWNAME),** with immediate effect in all the Government/Private documents vide affidavit sworn in before CMM’S Court, Bankshall Court, Kolkata on 30.10.2017.